# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৫২

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

## আরবী

وَعَنْ عِمَارَةَ بْنِ خُزَيْمَةَ بْنِ ثَابِتٍ عَنْ أَبِيهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ كَانَ إِذَا فَرَغَ مِنْ تَلْبِيَتِهِ سَأَلَ اللَّهَ رِضْوَانَهُ وَالْجَنَّةَ وَاسْتَعْفَاهُ بِرَحْمَتِهِ مِنَ النَّارِ. رَوَاهُ الشَّافِعِي

## বাংলা

২৫৫২-[১৩] ’উমারাহ্ ইবনু খুযায়মাহ্ ইবনু সাবিত (রাঃ) হতে বর্ণিত। তিনি তার পিতা হতে এবং তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন তালবিয়াহ্ শেষ করলেন, তখন আল্লাহর নিকট তাঁর সন্তুষ্টি ও জান্নাত কামনা করলেন এবং তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাঁর রহমতের দ্বারা জাহান্নামের আগুন থেকে মুক্তি চাইলেন। (শাফি’ঈ)[1]

## ফুটনোট

[1] য‘ঈফ : মুসনাদ আশ্ শাফি‘ঈ ৭৯৭, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৯০৩৮, য‘ঈফ আল জামি‘ ৪৪৩৫। কারণ এর সনদে সলিহ ইবনু মুহাম্মাদ ইবনু যায়িদাহ্ একজন দুর্বল রাবী।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীস প্রমাণ করে যে, মুহরিম ব্যক্তি যখনই তালবিয়াহ্ পাঠ করা শেষ করবে তখন অত্র দু‘আটি পাঠ করবেঃ

اَللّٰهُمَّ إِنِّىْ أَسْأَلُكَ مَغْفِرَتَكَ وَرِضَاكَ وَالْجَنَّةَ فِى الْاٰخِرَةِ، وَأَنْ تَعْفُوْ عَنِّىْ وَتُعِيْذَنِىْ وَتُعْتِقَنِىْ بِرَحْمَتِكَ مِنَ النَّارِ.

“হে আল্লাহ! আমি আপনার নিকট ক্ষমা ও আপনার সন্তুষ্টি প্রার্থনা করি এবং পরকালে জান্নাত কামনা করি। আপনি আমাকে মাফ করুন। স্বীয় দয়ায় জাহান্নামের আগুন থেকে আমাকে পরিত্রাণ ও আশ্রয় দান করুন।”

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57112

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন